



পশ্চিম তীরে কূটনীতিক-সাংবাদিকদের ওপর হামলার নিন্দা ইইউর



ছবি: সংগৃহীত

দখলকৃত পশ্চিম তীরে বিদেশি কূটনীতিক ও সাংবাদিকদের ওপর ইসরায়েলি বসতি স্থাপনকারীদের হামলার নিন্দা জানিয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। রোববার (১৮ অক্টোবর) এক যৌথ বিবৃতিতে সংস্থাটি এ সহিংসতা বন্ধের আহ্বান জানায়।
বিবৃতিতে ইসরায়েলকে আন্তর্জাতিক আইন মেনে চলা এবং পশ্চিম তীরে বসতি সম্প্রসারণ বন্ধের আহ্বান জানানো হয়। পাশাপাশি ফিলিস্তিনি ও সাংবাদিকদের বিরুদ্ধে সহিংসতা প্রতিরোধে কার্যকর পদক্ষেপ এবং এসব ঘটনার পূর্ণ জবাবদিহি নিশ্চিত করার প্রত্যাশা জানায় ইইউ।
এর আগে, শনিবার পশ্চিম তীরে ইসরায়েলি বসতি স্থাপনকারীদের হামলার শিকার হন ইউরোপীয় কূটনীতিকেরা। একই দিন ফ্রান্সের এক মেয়রের ওপরও হামলার ঘটনা ঘটে।

LENS ASIA